

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৮
পানিসাগর, ২১ জুন, ২০২৪

২৬ জুন পানিসাগরে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী

সাহিত্য সম্মানিত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী আগামী ২৬ জুন উদযাপন করা হবে। উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এই অনুষ্ঠান পানিসাগর টাউন হলে দুপুর ১২টায় অনুষ্ঠিত হবে। গতকাল পানিসাগর নগর পঞ্চায়েতের সভাকক্ষে এই অনুষ্ঠানের আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সিদ্ধান্ত হয় অনুষ্ঠান উপলক্ষে আলোচনাচক্র, কুইজ প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়াও সভায় আগামী ৬ জুলাই পানিসাগর মহকুমাভিত্তিক শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মজয়ন্তী উদযাপন বিষয়েও আলোচনা করা হয়। সভায় সিদ্ধান্ত হয় পানিসাগর ব্লকে বালকমনি মাধ্যমিক বিদ্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করা হবে। অনুষ্ঠান দুটি তথ্য ও সংস্কৃতি দপ্তর, শিক্ষা দপ্তর, পানিসাগর পঞ্চায়েত সমিতি ও নগর পঞ্চায়েতের উদ্যোগে অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সদস্যগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
